গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিভাগীয় কমিশনারের কার্যালয়, ঢাকা
www.dhakadiv.gov.bd

স্মারক নং- ০৫.৪১.৩০০০.০১১.০৬.০৫১.২২- ১৭৮ তারিখ : ০১/০৮/২০২৩

ফরম নং-২৭০
(১৯১৭ সালের বোর্ড ম্যানুয়েলের ১২৯ নং বিধি)

## আদেশপত্র

তারিখ..........................................হইতে......................................................পর্যন্ত
জেলা.......................................২০..........................সালের ................................ পর্যন্ত

**মামলার ধরণ :** জনাব মোঃ রেজাউল করিম, বাসা ৮এ/১২ক, রোড:১৪ ধানমন্ডি, আবাসিক এলাকা, ঢাকা ১২০৯ এর গত ২৪/০৭/২০২৩ তারিখের আপীল আবেদনের প্রেক্ষিতে **(আপীল মামলা নম্বর ৭৯/২০২৩)।**

| আদেশের ক্রমিক নং ও তারিখ | আদেশ ও অফিসারের স্বাক্ষর | আদেশের উপর গৃহীত ব্যবস্থা |
|---|---|---|
| **০১/০৮/২০২৩** | জনাব মোঃ রেজাউল করিম, বাসা ৮এ/১২ক, রোড:১৪ ধানমন্ডি, আবাসিক এলাকা, ঢাকা ১২০৯ এর গত ২৪/০৭/২০২৩ তারিখের আপীল আবেদনের প্রেক্ষিতে ০১/০৮/২০২৩ তারিখ আপীল শুনানীর দিন ধার্য।<br><br>**দেখলাম।** আপীলকারী উপস্থিত। আপীলকারীর কাগজপত্রাদি পর্যালোচনায় দেখা যায় যে, আপীলকারী জনাব মোঃ রেজাউল করিম তথ্য অধিকার আইন, ২০০৯ অনুযায়ী নিম্নবর্ণিত তথ্য চেয়ে জেলা প্রশাসক, গাজীপুর বরাবর গত ১৫-০৫-২০২৩ খ্রি: তারিখ আবেদন করেন।<br>ক) গত ২০২২ সালে জেলায় (গাজীপুর) নামজারীকৃত ভূমির মধ্যে ‘ক’এবং ‘খ’বাতিল তালিকা ভুক্ত কিনা?<br>খ) বাতিলকৃত ‘খ’ তালিকাভুক্ত জমির মধ্যে লীজভুক্ত জমি ছিল কিনা? লীজভূক্ত জমি ও বাতিল ‘খ’ তালিকাভুক্ত কতটি কেস- এর নামজারী হয়েছে ২০২২ সালে?<br>গ) গাজীপুর জেলা ২০১১ সাল পর্যন্ত ক ও খ তালিকাভূক্ত জমির | |

| | | |
|---|---|---|
| | পরিমান কত ছিল? (পৃথকভাবে/একত্রে)।<br>ঘ) বর্তমানে মঞ্জুরীকৃত পদের চেয়ে (৩৫) কম সংখ্যক ভূমি সহকারী (১৪) এবং উপসহকারী কর্মকর্তা মঞ্জুরীকৃত ৫৭ পদের বিপরীতে কমসংখ্যক কর্মকর্তা (৩৮) কর্মরত থাকায় ভূমি সেবার ক্ষেত্রে জনগণের ভোগান্তি এবং সরকারের ভূমি সেবা কার্যক্রম ব্যাহত হচ্ছে কিনা?<br>ঙ) 'এক নজরে গাজীপুর জেলা তথ্যগুলোও দরকার।<br>**<u>সরকার পক্ষে জেলা প্রশাসকের প্রতিনিধির বক্তব্য</u>** :<br>শুনানীতে অংশ নিয়ে সরকার পক্ষে জেলা প্রশাসক, গাজীপুর এর প্রতিনিধি জনাব লাকী দাস, সহকারী কমিশনার ও তথ্য প্রদানকারী কর্মকর্তা লিখিত ও মৌখিক বক্তব্যে জানান যে-<br>তথ্য প্রাপ্তি আবেদনের প্রেক্ষিতে চাহিত তথ্যের প্রদানযোগ্য অংশ প্রেরণের নিমিত্ত ০৫.৪১.৩৩০০.০২৪.০১.০০১.২২-২১৩ নং স্মারকে গত ২৮ মে ২০২৩ তারিখে রেভিনিউ ডেপুটি কালেক্টর, রাজস্ব (এসএ) শাখা, জেলা প্রশাসকের কার্যালয়, গাজীপুর বরাবর পত্র প্রেরণ করা হয়েছে। আবেদনপত্র পর্যালোচনায় দেখা যায় আবেদনে চাহিত ২। (ক) ২। (খ) ২। (ঘ) এবং ২। (ঙ) অংশে যে তথ্যের জন্য আবেদন করেছেন তা "তথ্য অধিকার আইন, ২০০৯"এর ধারা ২ এর (চ) উপধারা অনুযায়ী তথ্যের যে সংজ্ঞা প্রদান করা হয়েছে তার সাথে সামঞ্জস্যপূর্ণ নয় এবং ২। (গ) অংশে যে তথ্যের জন্য আবেদন করেছেন তাহা সংগ্রহ করা সময় সাপেক্ষ। তথ্য সংগ্রহের কার্যক্রম চলমান রয়েছে। তথ্য সংগ্রহ কার্যক্রম সম্পন্ন হওয়া মাত্রই আবেদনের ২। (গ) অংশের তথ্য আবেদনকারীকে সরবরাহ করা হবে। এমতাবস্থায়, তথ্য অধিকার আইন, ২০০৯ অনুসারে চাহিত তথ্যাদি প্রদানযোগ্য না হওয়ায় আবেদনকারীকে নোটিশ প্রদানের নিমিত্ত ২৩২ নং স্মারক ও তারিখ ১৩/০৭/২০২৩ খ্রি: এ তথ্য সরবরাহের অপারগতার নোটিশ প্রদান করা হয়েছে।<br>**<u>আপীলকারীর বক্তব্য</u>** :<br>আপীলকারী উপস্থিত। আপীলকারীর লিখিত বক্তব্য নিম্নে প্রদান করা হলো :<br>তথ্য প্রদানকারী কর্মকর্তা আমার ২/ক, ২/খ, ২/ঘ এবং ২/ঙ ক্রমিকে প্রার্থিত তথ্যগুলো ২০০৯ সালের তথ্য অধিকার আইন অনুযায়ী প্রদানের আবেদন জানানো হলেও তিনি আইনের ধারা-২ এর উপধারা | |

| | |
|---|---|
| | অনুযায়ী তথ্যের যে সংজ্ঞা প্রদান করা হয়েছে তার সাথে সামঞ্জস্যপূর্ণ নয় বলে যে দাবী করেছেন তা গ্রহণযোগ্য নয়। সরকার এই আইন করে জনগনের অধিকার নিশ্চিত করতে চাইলেও বিশেষ করে গাজীপুর জেলা থেকে কোন তথ্য পাওয়া যায় না। আমার মতে ঐ জেলা প্রশাসন জনগনকে তথ্যের অধিকার থেকে বঞ্চিত করতে চান সবদাই। এতে সুশাসন নিশ্চিত হয় না। এছাড়া ২/৬ নম্বর গাজীপুর জেলার বিভিন্ন ভৌগোলিক, লোকসংখ্যা, জমির পরিমান, স্কুল কলেজ ও মাদ্রাসার সংখ্যা, নদ-নদী, খাল-বিল, বিশ্ববিদ্যালয় ইত্যাদির তথ্য চেয়েছি। সাধারণভাবে সকল জেলা চাহিবামাত্র সরবরাহ করা হয় কিন্তু গাজীপুর জেলাই তার ব্যতিক্রম। অতএব, সুশাসনের সাথে তথ্যগুলো প্রদানের জন্য আমি আপনার যথাযথ নির্দেশনা কামনা করছি।<br><br>**পর্যালোচনা** : সরকার পক্ষে জেলা প্রশাসক, গাজীপুর এর প্রতিনিধি বক্তব্য শুনলাম এবং আপীলকারী উপস্থিত। লিখিত বক্তব্য ও দাখিলকৃত প্রমাণক পর্যালোচনা করলাম। সরকার পক্ষ তাঁর জবাবে জানিয়েছেন আবেদনকারীকে তার আবেদন ও তার বিপরীতে প্রদানযোগ্য তথ্য প্রদান করা হবে। তথ্য অধিকার আইন, ২০০৯ এর ২৪ ধারার (৩)(ক) উপ-ধারা অনুসারে আপীল কর্তৃপক্ষ আপীল আবেদনকারীকে অনুরোধকৃত তথ্য সরবরাহের জন্য সংশ্লিষ্ট দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাকে নির্দেশ প্রদান করিবেন, অথবা (৩)(খ) উপ-ধারা অনুসারে তদবিবেচনায় গ্রহণযোগ্য না হইলে আপীল আবেদনটি খারিজ করিয়া দিবেন।<br><br>**আদেশ** : শুনানীঅন্তে আদেশ হয় আপীলকারী জনাব মোঃ রেজাউল করিম এর দাখিলকৃত আবেদন এবং সরকার পক্ষে জেলা প্রশাসক, গাজীপুর এর প্রতিনিধি জনাব লাকী দাস সহকারী কমিশনার ও তথ্য প্রদানকারী কর্মকর্তার লিখিত বক্তব্যের প্রেক্ষিতে আপীল আবেদনটি গ্রহণ করা হলো এবং **আপীলকারীর চাহিত তথ্যসমূহ আগামী ১৫ কার্যদিবসের মধ্যে সরবরাহ করার নির্দেশ প্রদানপূর্বক** আপীল আবেদনটি নিষ্পত্তি করা হলো। দাখিলকৃত কাগজপত্র নথিতে সংযুক্ত করা হোক ও সংশ্লিষ্ট সকলকে আদেশের কপি সরবরাহ করা হোক। |

২০/০৮/২০২৫

(জহিরুল ইসলাম)
অতিরিক্ত বিভাগীয় কমিশনার (উন্নয়ন)
ঢাকা বিভাগ, ঢাকা।

CamScanner

স্মারক নং-০৫.৪১.৩০০০.০১১.০৬.০৫১.২২- ২৭৫ (৮) তারিখ : ০১/০৮/২০২৩

১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। প্রধান তথ্য কমিশনার, তথ্য কমিশন, শেরেবাংলা নগর, ঢাকা।
৩। সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪। জেলা প্রশাসক, গাজীপুর।
৫। কমিশনারের একান্ত সচিব, ঢাকা বিভাগ, ঢাকা (কমিশনার মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৬। সহকারী কমিশনার (আইসিটি), বিভাগীয় কমিশনারের কার্যালয়, ঢাকা।
৭। সহকারী প্রোগ্রামার, আইসিটি শাখা (এ কার্যালয়ের ওয়েব সাইটে প্রকাশের জন্য)।
৮। জনাব মোঃ রেজাউল করিম, বাড়ী নং ৮এ/১২ক, রোড:১৪ ধানমন্ডি, আবাসিক এলাকা, ঢাকা ১২০৯।

Salehanoor
০২/০৮/২০২৩
সৈয়দা সালেহা নূর
সহকারী কমিশনার (উন্নয়ন)
ঢাকা বিভাগ, ঢাকা।

CamScanner